

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৪ বঃ/২১ জুন ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সশস্ত্র বাহিনীর মুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই প্রসংগে।

নং ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.২০০৯/১৭-১৯৩১—মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সদস্যগণ দীর্ঘ যাচাই বাছাই প্রক্রিয়ার মাধ্যমে মুক্তিযোদ্ধা হিসেবে গেজেটভুক্ত হয়ে থাকেন। গেজেটভুক্ত করার প্রক্রিয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সম্পূর্ণ নিশ্চিত হওয়া সাপেক্ষে সশস্ত্র বাহিনীর সদস্যদেরকে মুক্তিযোদ্ধা হিসেবে চিহ্নিত করে থাকেন। এমতাবস্থায় সকল ক্যাটাগরির সশস্ত্র বাহিনীর মুক্তিযোদ্ধাগণ চলমান মুক্তিযোদ্ধা যাচাই বাছাই প্রক্রিয়ার আওতা বহির্ভূত থাকবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, যদি কখনো কোন সশস্ত্র বাহিনীর অন্তর্গত মুক্তিযোদ্ধার ব্যাপারে, কেউ মুক্তিযোদ্ধা কি না এরূপ প্রশ্ন বা বিতর্ক সৃষ্টি হয় তাহলে বিষয়টি সংশ্লিষ্ট বাহিনীর কর্তৃপক্ষের প্রতিনিধি ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধির মাধ্যমে যাচাই বাছাই করে নিষ্পত্তি করা হবে।

মোঃ জুলফিকার আলী হায়দারী

উপসচিব।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭৩৫৩)

মূল্য : টাকা ৪.০০